

শনি ২১ DEC 2002

২৬ ডিসেম্বর ৯

সপ্তাহে ছাত্রদল কেন্দ্রীয় কমিটির নির্বাচন

নোয়ার আলদীন, কক্সবাজার-সেন্টমার্টিন থেকে ফিরে ৥ এই সপ্তাহের মধ্যে ছাত্রদলের নতুন কমিটি নির্বাচিত হতে যাচ্ছে। নয়া কমিটির নেতৃত্বে সারাদেশে ছাত্রদল তাদের প্রতিষ্ঠার দুই যুগ লীন করবে। দু'তিনদিনের মধ্যে ছাত্রদলের ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১২টি-হল শাখা, রাজশাহী নয় ও পাবনা জেলা কমিটি নির্বাচন করা হবে বলে সূত্র জানিয়েছে। বিএনপির ১ম যুগ্ম-মহাসচিব ডাঃ-রাজনীতিকে অছাত্র এবং সহস্রাঙ্গী পার্ট-টাইমারদের (১৫শ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

এ সপ্তাহে ছাত্রদল

(শেষ পৃঃ পর)

কবলমুক্ত করে ছাত্রদলকে তৃণমূল পর্যায় থেকে টেলে সাজানোর লক্ষ্যে গত ৯ সেপ্টেম্বর কেন্দ্রীয় ও ঢাকা ভার্গিটির আন্বায়ক কমিটি করা হয়। ৩১ সদস্যের কেন্দ্রীয় আন্বায়ক কমিটির সঙ্গে সাবেক ছাত্রনেতাদের যুক্ত করে গঠিত ৬টি টীম সারাদেশে কর্মসূচি, মাঠ পর্যায়ের পর্যবেক্ষণ প্রতিবেদন তৈরী করে তার ভিত্তিতে পরবর্তীতে প্রতিটি সাংগঠনিক জেলায় সম্মেলনের পর সরাসরি কাউন্সিলরদের ভোটাভূটিতে নির্বাচিত হয় সভাপতি, সাধারণ সম্পাদক। দলের ৮৭টি জেলা শাখায় এসেছে প্রকৃত ছাত্রদের নেতৃত্ব।

বাংলাদেশী জাতীয়তাবাদী চেতনার আলোকে ও প্রচলিত ধারণার বাইরে ছাত্রদলের নতুন নেতৃত্বকে সুসংগঠিত করার লক্ষ্যে তারেক রহমান কক্সবাজার ও সেন্টমার্টিনে দলের দু'দিনের প্রশিক্ষণ কর্মশালা সম্পন্ন করেছেন। সারাদেশের ছাত্রদলের ৮৭টি সাংগঠনিক জেলার সভাপতি, সাধারণ সম্পাদক, গত একদশকের সাবেক ছাত্র নেতৃবৃন্দ, কয়েকজন তরুণ এমপি'র বিশাল বহর নিয়ে গত মঙ্গলবার ঢাকা থেকে যাত্রা করেন এবং সফরশেষে গতকাল শুক্রবার রাতে ঢাকা প্রত্যাবর্তন করেছেন। কক্সবাজার থেকে সড়কপথে ঢাকা ফেরার পথে গতকাল সন্ধ্যায় কুমিল্লার কাছে একটি পাছ রেলস্টেশনায় নয়া নেতৃত্বের উদ্দেশ্যে সমাপনী বক্তৃতায় তারেক রহমান বলেন, প্রকৃত ছাত্রদের ছাত্র-রাজনীতি করার সময় এসেছে এখন। আমরা নিজেদের দল থেকেই এই কাজটি শুরু করেছি। কেবল মিছিল আর শ্রোণানের রাজনীতি করলে চলবে না। দেশের মানুষ এবং দেশ সম্পর্কে জানতে হবে। শহীদ জিয়ার ১৯ দফা বাস্তবায়নে কাজ করতে হবে। এর মধ্যেই এদেশের মানুষের ভাগ্য পরিবর্তনের মূলমন্ত্র নিহিত আছে। দেশের মানুষের জন্য ভাল কিছু করতে চাইলে রাজনীতিই যথার্থ পন্থা। দলের আদর্শ একা বিশ্বাস করলে হবে না, ঘরে ঘরে মানুষের মনে গেঁথে দিতে হবে।

তারেক রহমান বলেন, নির্বাচনের আগে আওয়ামী লীগ তাদের ছেলেদের হাতে অস্ত্র তুলে দিয়েছিল। কিন্তু তা কোন কাজে আসেনি। জনগণের কাছে অস্ত্র নয়, আদর্শ নিয়ে যেতে হবে। ছাত্র রাজনীতি সম্পর্কে যে নেতিবাচক ধারণা রয়েছে তা মুচাতে হবে। অনুষ্ঠানে স্বাস্থ্য প্রতিমন্ত্রী আমান উল্লাহ আমান ও ছাত্রদলের আন্বায়ক সাহাবুদ্দিন লাকু বক্তৃতা করেন। পরে ছাত্র প্রতিনিধিদের হাতে "সংখ্যালঘুদের নিয়ে আওয়ামী লীগের চক্রান্ত ও মিথ্যাচারের নমুনা" আওয়ামী দৃশ্যাসনের সিরিজ পুস্তিকা এবং টি-শার্ট তুলে দেয়া হয়।

বৃহস্পতিবার প্রায় ৩শ' নতুন নেতাকে নিয়ে তারেক রহমান সাগরতীর কক্সবাজার আর সেন্টমার্টিন দ্বীপে গিয়েছিলেন "এসটি বিজির" সী-ট্রাকে। সেন্টমার্টিনে আসা-যাওয়ার সময়ে সী-ট্রাকে ছাত্রনেতাদের সামনে তারেক রহমান জাতীয়তাবাদী আদর্শের নানাদিক উপস্থাপন করেন। তাদের মতামত শোনে এবং বিভিন্ন প্রশ্নের জবাব দেন। তারেক রহমান সেন্টমার্টিন পৌঁছে সেখানে শহীদ জিয়ার প্রতিশ্রুত দশ শয্যার হাসপাতালের ভিত্তিপ্রস্তর স্থাপন, প্রথমবারের মত সম্পূর্ণ বেসরকারী পর্যায়ে পর্যটকদের জন্য নির্মিত মোটেল 'প্রাসাদ প্যারাডাইজ'-এর উদ্বোধন করেন। দ্বীপবাসী তারেক রহমানকে বিপুল সংবর্ধনা জানায়। এর আগে বুধবার সকালে কক্সবাজার শাখা ছাত্রদলের সম্মেলনে তিনি দিক-নির্দেশনামূলক বক্তৃতা করেন। বিকালে অনুষ্ঠিত হয় মেধা যাচাই ও প্রশিক্ষণমূলক বক্তৃতা প্রতিযোগিতা। ৫টি প্রশ্নের ওপর বক্তৃতা দিতে বলা হয় বাংলা অর্থবা-